

হবিগঞ্জে ১৪৩টি প্রাথমিক বিদ্যালয়ে শহীদ মিনার উদ্বোধন

হবিগঞ্জ প্রতি

২৪ সেপ্টেম্বর ২০১৯ ০০:০০ | আপডেট: ২৪ সেপ্টেম্বর ২০১৯ ০০:৩৩



বাংলাদেশ সরকার
আমাদেশ মমতা

নির্ধি

হবিগঞ্জে ১৪৩টি সরকারি প্রাথমিক বিদ্যালয়ে নবনির্মিত শহীদ মিনার উদ্বোধন করা হয়েছে।

গতকাল সোমবার সকালে সদর উপজেলার বগুলা মডেল সরকারি প্রাথমিক বিদ্যালয়ে ভিত্তিও কনফারেন্সে সদর ও শায়েস্তাগঞ্জ উপজেলার ১১ ইউনিয়নের এসব শহীদ মিনার উদ্বোধন করেন সংসদ সদস্য ও জেলা আওয়ামী লীগের সভাপতি অ্যাডভোকেট মো. আবু জাহির।

হবিগঞ্জের জেলা প্রশাসক মাহমুদুল কবীর মুরাদ, পুলিশ সুপার মোহাম্মদ উল্ল্যা এ সময় উপস্থিত ছিলেন।

উপজেলা প্রাথমিক শিক্ষা অফিসের আয়োজনে অনুষ্ঠানে উপজেলা নির্বাহী কর্মকর্তা শাখাওয়াত হোসেন রঞ্জিত সভাপতিত্ব করেন। বিপুলসংখ্যক শিক্ষার্থী, অভিভাবক, আওয়ামী লীগ নেতা ও জনপ্রতিনিধিরা এ সময় উপস্থিত ছিলেন।